# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 20-12-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) অনুপ্রবেশকারীদের রক্ষা করতেই তৃণমূল কংগ্রেস SIR-এর বিরোধিতা করছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন।

ভোটার তালিকা থেকে কোন হিন্দু উদ্বাস্তুর নাম বাদ যাবে না বলে রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য মন্তব্য করেছেন।

এদিকে প্রধানমন্ত্রীর সভায় যোগ দিতে যাবার পথে তাহেরপুর স্টেশনের কাছে ট্রেনের ধাক্কায় তিনজনের মৃত্যু হয়েছে।

২) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বে স্বচ্ছতা আরও জোরদার করতে কেন্দ্রীয় সরকারী আধিকারিকদের মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগের প্রস্তুতি শুরু করল নির্বাচন কমিশন।

৩) পর্যাপ্ত নাগরিক পরিষেবা দিতে না পারার অভিযোগে পুর ও নগরোন্নয়ন দফতর বসিরহাট পুরসভার বোর্ড ভেঙে দিয়েছে।

৪) উত্তুরে বাতাস অবাধে প্রবেশ করায় আজ দক্ষিণবঙ্গের প্রায় সর্বত্র বেশ ঠান্ডা অনুভূত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অনুপ্রবেশকারীদের রক্ষা করতেই তৃণমূল কংগ্রেস SIR-এর বিরোধিতা করছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। আজ ভার্চুয়াল মাধ্যমে নদিয়ার তাহেরপুরে বিজেপির 'পরিবর্তন সংকল্প সভার ভাষণে শ্রী মোদী বলেন, যে অনুপ্রবেশকারীরা বাংলাকে কব্জা করবে বলে স্থির করেছে একমাত্র তারাই তৃণমূল কংগ্রেসকে পছন্দ করে। বিজেপি এবং তার বিরোধিতা করতে গিয়ে রাজ্যের শাসক দল মানুষের উন্নয়নে বাধা দিচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। শ্রী মোদী বলেন , বাংলায় এমন সরকার প্রয়োজন যারা দ্রুত গতিতে উন্নয়ন করবে। তৃণমূল কংগ্রেসের কারণেই পশ্চিমবঙ্গে উন্নয়নের হাজার কোটি টাকার প্রকল্প আটকে রয়েছে। পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেসের নেতৃত্বে যে 'মহা জঙ্গলরাজ' চলছে, রাজ্যের মানুষ তা থেকে মুক্তি চাইছেন।

বাইট – প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বলেন, বাংলা ভাষা ভারতের ইতিহাস,সংস্কৃতিকে সমৃদ্ধ করেছে। ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'বন্দে মাতরম'-এর মাধ্যমে যে নতুন চেতনার উন্মেষ ঘটিয়েছিলেন, তাইই বিকশিত ভারতের প্রেরণা। নদীয়া জেলাকে শ্রী চৈতন্যদেবের ভূমি উল্লেখ করে তিনি বলেন, কেন্দ্রীয় সরকার এই জেলায় সড়ক পরিবহন ব্যবস্থাকে উন্নত করার প্রয়াস চালাচ্ছে। নতুন সড়ক পথ নির্মাণের ফলে কলকাতা থেকে শিলিগুড়ি পৌঁছতে ২ ঘন্টা সময় কম লাগবে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

বাইট - প্রধানমন্ত্রী CONNECTIVITY

মতুয়া সমাজের অবদানের কথাও এদিন উঠে আসে শ্রী মোদির ভাষণে। মানুষের কাছে বিজেপিকে উন্নয়নের সুযোগ দেওয়ার অনুরোধ করে আগামী দিনে ফের এরাজ্যে সভা করার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী।

কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় প্রধানমন্ত্রীর চপার এদিন তাহেরপুরে নামতে পারেনি। কলকাতা বিমানবন্দর থেকেই তিনি জনসভায় ভার্চুয়ালি বক্তব্য রাখেন। নদিয়ায় ৩ হাজার ২০০ কোটি টাকার দুটি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

এদিনের সভায় বক্তব্য রাখেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, শান্তনু ঠাকুর, দলের রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী প্রমুখ।

ভোটার  তালিকা থেকে কোন হিন্দু উদ্বাস্তুর নাম বাদ যাবে না বলে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন।

(বাইট – শমীক)

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, এস আই আর-এ নাম না থাকলে তার দায় মুখ্যমন্ত্রীকে দিতে হবে।

oooooooooooooooooooooo

নদীয়ার তাহেরপুরে প্রধানমন্ত্রীর সভায় যোগ দিতে যাবার পথে তাহেরপুর স্টেশনের কাছে ট্রেনের ধাক্কায় তিনজনের মৃত্যু হয়েছে। রেল সূত্রে খবর, তাহেরপুর এবং বাদকুল্লার মাঝখানে বিজেপি সমর্থকরা  রেললাইনের উপর দিয়ে হেঁটে যাওয়ার সময় এই দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলেই মৃত্যু হয় রামপ্রসাদ ঘোষ, মুক্তিপদ সূত্রধর ও গোপিনাথ দাসের। তিনজনেরই বাড়ি মুর্শিদাবাদের বড়ঞা থানা এলাকায়। গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি কয়েকজন। আহত একজনকে কলকাতায় চিকিৎসার জন্য নিয়ে আসা হয়েছে।

প্রধানমন্ত্রী তথা বিজেপি নেতা নরেন্দ্র মোদী রেল দুর্ঘটনায় মৃত বিজেপি কর্মীদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। ভার্চুয়াল মাধ্যমে বার্তায় তিনি ক্ষতিগ্রস্ত পরিবারগুলির পাশে সবাই আছে বলে আশ্বাস দেন।

oooooooooooooooooooooo

নিহত বিজেপি কর্মীদের শেষ শ্রদ্ধা জানাতে এদিন নদীয়ার শক্তিনগর জেলা হাসপাতালে যান বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তৃণমূল যুব কংগ্রেসের পক্ষ থেকে বিরোধী দলনেতাকে লক্ষ্য করে গো-ব্যাক শ্লোগান দেওয়া হলে, পরিস্থিতি উতপ্ত হয়ে ওঠে। পাল্টা শ্লোগান দিতে থাকেন বিজেপি কর্মীরাও। একাধিক মোটর বাইকে ভাঙচুর চালানোরও অভিযোগ উঠেছে।

ooooooooooooooooooooooooo

এসআইআর প্রক্রিয়ায় যাতে মতুয়া সম্প্রদায়ের কোন মানুষের নাম বাদ না যায় সেজন্য কেন্দ্রীয় সরকার কে অধ্যাদেশ আনার প্রস্তাব তিনি দিয়েছিলেন বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেন। এই দাবি তিনি রাষ্ট্রপতির কাছেও করেছেন বলে জানিয়েছেন অধীর বাবু। তিনি  বলেন, প্রধানমন্ত্রী বা কেন্দ্রের সরকার মনে করলে মতুয়াদের নাম এসআইআর তালিকায় রাখা সম্ভব।

ooooooooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বে স্বচ্ছতা আরও জোরদার করতে কেন্দ্রীয় সরকারি আধিকারিকদের মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগের প্রস্তুতি শুরু করল নির্বাচন কমিশন। বিভিন্ন শুনানি কেন্দ্রে মূলত কেন্দ্রের গ্রুপ বি বা তার ঊর্ধ্বতন পদমর্যাদার আধিকারিকদেরই এই দায়িত্ব দেওয়া হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। এই সংক্রান্ত প্রস্তুতি ও সমন্বয় নিয়েই আজ কেন্দ্রের অধীনস্থ একাধিক দফতরের বিভাগীয় প্রধানদের সঙ্গে বৈঠক

করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও তাঁর দপ্তরের পদস্থ কর্তারা। বৈঠকে কোল ইন্ডিয়া, ডিভিসি, আয়কর বিভাগ, আরবিআই, মেট্রো রেল-সহ মোট ১৬টি কেন্দ্রীয় দফতরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। শুনানি পর্বে কী ভাবে দায়িত্ব পালন করতে হবে, কী কী বিষয়ে নজর রাখতে হবে, তা নিয়েই মূলত আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। ২৪ তারিখ মাইক্রো অবজার্ভার হিসেবে নিযুক্ত আধিকারিকদের জন্য বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে বলে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পর্যাপ্ত নাগরিক পরিষেবা দিতে না পারার অভিযোগে পুর ও নগরোন্নয়ন দফতর বসিরহাট পুরসভার বোর্ড ভেঙে দিয়েছে। প্রশাসনের তরফে বারবার নোটিশ পাঠানো হলেও বোর্ডের কাজকর্মে কোন পরিবর্তন না হওয়ায় এই সিদ্ধান্ত বলে জানা গেছে। বসিরহাটের মহকুমা শাসক এখন প্রশাসকের দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য, বসিরহাট পুরসভায় ২৩-টি ওয়ার্ডের ২১-টি তৃণমূল কংগ্রেসের দখলে, একজন বিজেপি এবং একজন কংগ্রেসের কাউন্সিলার রয়েছেন।

এর আগে পরিষেবা না দেবার অভিযোগে চাকদা পুরসভাতেও প্রশাসক বসানো হয়।

পরিষেবায় অনিয়মের অভিযোগ ওঠায় পুরুলিয়ার ঝালদা পৌরসভাকেও কারণ দর্শানোর নোটিশ পাঠানো হয়েছে। সাতদিনের মধ্যে জবাব পুর ও নগরোন্নয়ন দফতরে পাঠিয়ে দেওয়া হবে বলে পৌর প্রধান সুরেশ আগরওয়াল জানিয়েছেন।

oooooooooooooooooooooo

যুবভারতী কান্ডে মূল উদ্যোক্তা শতদ্রু দত্তের অ্যাকাউন্ট থেকে ২২ কোটি টাকা বাজেয়াপ্ত করেছে বিশেষ তদন্তকারী দল এস আই টি। পাশাপাশি শতদ্রুর রিষড়ার বাড়ি থেকে উদ্ধার হয়েছে ওই দিনের অনুষ্ঠান সংক্রান্ত প্রচুর নথিপত্র। যে পরিমাণ টিকিট বিক্রি হয়েছিল তার টাকা যাতে শতদ্রুর অ্যাকাউন্টে না আসে সেই দিকটিও নজর রাখছে এস আই টি।

উল্লেখ্য, বর্তমানে পুলিশ হেফাজতে রয়েছেন শতদ্রু দত্ত।

oooooooooooooooooooooo

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের মল্লারপুর ও তারাপীঠ এবং নলহাটি ও স্বাধীনপুর স্টেশনের মাঝে ব্রিজ রক্ষণাবেক্ষণ কাজের জন্য আগামীকাল রামপুরহাট, বর্ধমান থেকে দুটি ও তিনপাহার থেকে একটি MEMU প্যাসেঞ্জার বাতিল থাকছে।

ooooooooooooooooooo

উত্তুরে বাতাস অবাধে প্রবেশ করায় আজ দক্ষিণবঙ্গের প্রায় সর্বত্র বেশ ঠান্ডা অনুভূত হচ্ছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের থেকে কিছুটা বেশি থাকলেও বিকেল গড়াতেই তাপমাত্রার পারদ স্বাভাবিকের থেকে ৫ দশমিক ৪ ডিগ্রী কমে ২০ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াসে দাঁড়ায়। আগামী কয়েকদিন সর্ব নিম্ন তাপমাত্রার বিশেষ হেরফের না হলেও বড়দিন থেকে সর্ব নিম্ন তাপমাত্রা আর ২ – ৩ ডিগ্রী কমে যেতে

পারে বলে আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী ডক্টর অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট – অন্বেষা)

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামীকালও কুয়াশার পূর্বাভাষ রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিকশিত ভারত জি রাম জি নতুন বিলে ১০০ দিনের পরিবর্তে ১২৫ দিনের কাজের নিশ্চয়তা থাকায় খুশী এই কাজের সঙ্গে যুক্ত শ্রমিক থেকে সাধারণ মানুষ। মুর্শিদাবাদের জঙ্গীপুরের একজন সুবিধাপ্রাপক আকাশবাণীকে জানালেন, সরাসরি কেন্দ্রীয় হস্তক্ষেপ থাকায় তাঁরা আরও বেশি করে উপকৃত হবেন।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভিজুয়ালি ইম্পেয়ারড ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গলের উদ্যোগে আজ কলকাতার ওয়ারি মাঠে দৃষ্টি প্রতিবন্ধী মহিলাদের এক প্রদর্শনী ক্রিকেট ম্যাচের আয়োজন করা হয়। এই উপলক্ষে এক রক্তদান শিবিরে ২৭ জন রক্তদান করেন। স্বাস্থ্য পরীক্ষার আয়োজন করা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০